

## কর্মমুখী কারিগরি শিক্ষার প্রসার জরুরি মসিউর

■ সমকাল প্রতিবেদক  
প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান বলেছেন, আমাদের শিক্ষাগ্রহণের দৃষ্টিভঙ্গি বদলাতে হবে। ঐতিহাসিকভাবে সাধারণ শিক্ষাগ্রহণের প্রতি আমাদের আগ্রহ বেশি। আবার শিক্ষাজীবন শেষে সবাই চাকরি পেতে চাই। এজন্য সহজে কর্মসংস্থানের সুযোগ তৈরিতে কর্মমুখী কারিগরি শিক্ষার প্রসার দরকার। এতে দেশের অর্থনৈতিক উন্নয়নও স্বরূপিত হবে।

গতকাল রোববার রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন (আইডিইবি) মিলনায়তনে আইডিইবি ঢাকা জেলা শাখা আয়োজিত 'জাতীয় প্রবৃদ্ধি সাত শতাংশ অর্জনে জনজীবনের দক্ষতা বৃদ্ধির গুরুত্ব ও করণীয়' শীর্ষক সেমিনারে মসিউর রহমান এসব কথা বলেন। তিনি বলেন, ধনবানদের মধ্যে স্কুল-কলেজ প্রতিষ্ঠায় খুব উৎসাহ দেখা যায়। অথচ কারিগরি কিংবা নার্সিংয়ের মতো শিক্ষায় তারা এগিয়ে আসেন না। এর মূল কারণ হতে পারে, কারিগরি শিক্ষায় ব্যয় বেশি।